

যশোর বোর্ডের ৩২ স্কুল কলেজের স্বীকৃতি বাতিল


বাগেরহাট প্রতিনিধি

নিম্নমানের লেখাপড়া ও পাবলিক পরীক্ষায় বাজে ফলের কারণে বাগেরহাটের নয় স্কুল ও এক কলেজসহ যশোর বোর্ডের ৩২টি স্কুল ও কলেজের স্বীকৃতি বাতিল করেছে যশোর শিক্ষা বোর্ড। সম্ভ্রুতি যশোর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান স্বাক্ষরিত এক পত্রে সংশ্লিষ্ট স্কুল ও কলেজের প্রধানদের স্বীকৃতি বাতিলের বিষয়ে জানিয়ে দেয়া হয়েছে। এর মধ্যে ২৭ স্কুল ও ৫ কলেজ রয়েছে। বাতিল হওয়া স্কুল ও কলেজের মধ্যে বাগেরহাট ছাড়াও খুলনার চারটি স্কুল ও তিনটি কলেজ, সাতক্ষীরার একটি স্কুল, যশোরের তিনটি স্কুল, নড়াইলের তিনটি স্কুল, ঝিনাইদাহের একটি স্কুল, মেহেরপুরে চারটি স্কুল, কুষ্টিয়ায় একটি স্কুল ও একটি কলেজ এবং মাগুরায় একটি স্কুল রয়েছে। সংশ্লিষ্ট সূত্র জানায়, গত বছরের এসএসসি ও এইচএসসির ফলের ওপর ভিত্তি করে ১০০ ডাগ ফেল-ও-নিম্ন পাসের হারের কারণে যশোর শিক্ষা বোর্ডের পক্ষ থেকে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়। সংশ্লিষ্ট স্কুল-ও-কলেজের পক্ষ থেকে নোটিশের জবাব দাখিলের পর স্কুল-কলেজগুলোর উন্নয়নের বিভিন্ন পদক্ষেপ ও কার্যক্রম গ্রহণের বিষয় বিবেচনা করে কিছু স্কুল-কলেজকে শিক্ষার মানোন্নয়নের

সুযোগ দেয়া হয়। কিন্তু যেসব স্কুল-কলেজ সন্তোষজনক কোনো পদক্ষেপ ও উন্নয়ন কার্যক্রম গ্রহণ করতে পারেনি তাদের স্বীকৃতি বাতিলের সিদ্ধান্ত নেয়া হয়। এরই মধ্যে বাতিল হওয়া স্কুল-কলেজের প্রধানদের চিঠি দিয়ে জানিয়ে দেয়া হয়েছে। সূত্র আরো জানায়, চলতি বছরের

সূত্র মতে, যশোর বোর্ডের বাতিল হওয়া স্কুল-কলেজের মধ্যে বাগেরহাট সদর উপজেলার কোমরপুর বালিকা বিদ্যালয়, ফকিরহাটের জাড়িয়া-জটখামার মাধ্যমিক বিদ্যালয়, রামপালের বেডকাটা মাধ্যমিক বিদ্যালয়, কচুয়া উপজেলার বিসি ভাষা উচ্চ বিদ্যালয়, মোরেলগঞ্জের বহরবুনিয়া

কে মাধ্যমিক বিদ্যালয়, রূপসার আনন্দনগর আদর্শ বিদ্যালয়, তেরবাড়ার শাপলা কলেজ, দাকোপের বটবুনিয়া কলেজ ও বালিশপুরের লায়ল স্কুল অ্যান্ড কলেজ, সাতক্ষীরার ডালার খলিলনগর ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয়, যশোরের মনিরামপুরের হাকিমপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, কেশবপুরের কোমরপোল মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও পঞ্জী উন্নয়ন বালিকা বিদ্যালয়, মাগুরার ধলহারা পশ্চিমপাড়া মাধ্যমিক বিদ্যালয়, ঝিনাইদাহের আবদুর রাকিব মাধ্যমিক বিদ্যালয়, নড়াইলের দেবীপুর উচ্চ বিদ্যালয় ও পঞ্জীমঙ্গল মাধ্যমিক বিদ্যালয়, কুষ্টিয়ার দৌলতপুরের সোহাইনবাদ সেকেন্ডারি স্কুল। এসব স্কুল-কলেজের পাসের হার শতকরা পাঁচ ভাগের কম এবং শিক্ষার মানও সর্বনিম্ন পর্যায়ে রয়েছে বলে জানা গেছে।



স্বীকৃতি বাতিলকৃত স্কুল কলেজগুলো শিক্ষার মান উন্নয়ন ঘটাতে সক্ষম হলে ভবিষ্যতে ফের বিবেচনার সুযোগ পাবে

এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলের ওপরও অনুরূপ ব্যবস্থা নিতে যাচ্ছে যশোর বোর্ড কর্তৃপক্ষ। তবে যাদের স্বীকৃতি বাতিল হয়েছে সেসব স্কুল-কলেজ তাদের শিক্ষার মানের উন্নয়ন ঘটাতে সক্ষম হলে ফলের সন্তোষজনক হার বিবেচনা করে ভবিষ্যতে ফের স্বীকৃতি বিবেচনার সুযোগ পাবে।

মাধ্যমিক বিদ্যালয়, মংলা উপজেলার বুরবুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, শরণখোলার ডিএন একতা বালিকা বিদ্যালয়, রাজাপুর মাধ্যমিক বিদ্যালয় ও খোন্তাকাটা ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয় এবং বাগেরহাট সদরের খানজাহান আলী মহিলা কলেজ রয়েছে। এছাড়া খুলনার ফুলতলা খোপাখালী মাধ্যমিক বিদ্যালয়, কয়রার কাডোনিয়া এ

এ বিষয়ে বাগেরহাট জেলার ভারপ্রাপ্ত মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সরকারি বয়েজ স্কুলের প্রধান শিক্ষক মতিয়ার রহমান জানান, বাজে ফলের জন্য যশোর বোর্ডের আওতায় কয়েকটি স্কুল-কলেজের স্বীকৃতি বাতিলের কথা তিনি ভনেছেন। তবে বোর্ড থেকে এ সংক্রান্ত কোনো নির্দেশনাপত্র তিনি এখনো পাননি।